



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটল পুনরায় খোলার ঘোষণা করেছেন

*এম্পায়ার স্টেট প্লাজা কমপ্লেক্স ক্যাপিটল সহ, লেজিসলেটিভ অফিস বিল্ডিং জনসাধারণের জন্য  
পুনরায় খুলবে জুন 18 তারিখে*

*ক্যাপিটল এবং এম্পায়ার স্টেট প্লাজা রিটার্নের ফ্রি ট্যুর*

*70% প্রাপ্তবয়স্ক নিউ ইয়র্কবাসী COVID-19 টিকার প্রথম ডোজ পেয়েছেন বলে ভ্রমণ সংক্রান্ত  
বিধিনিষেধ তুলে নেওয়া হবে*

*ট্যুর রিজার্ভেশন অনলাইনে উপলভ্য [এখানে](#)*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 18 বছর বা তার বেশি বয়সী 70 শতাংশ নিউ ইয়র্কবাসী তাদের COVID-19 টিকা সিরিজের প্রথম ডোজ পেয়েছেন, এম্পায়ার স্টেট প্লাজা কমপ্লেক্স, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটল এবং লেজিসলেটিভ অফিস বিল্ডিং অন্তর্ভুক্ত রয়েছে, আগামীকাল 18 জুন জনসাধারণের জন্য পুনরায় চালু হবে। উপরন্তু, সোমবার, 21 জুন ক্যাপিটলে ভ্রমণ পুনরায় শুরু হবে এবং এম্পায়ার স্টেট প্লাজার জনপ্রিয় বহিরঙ্গন ট্যুর বুধবার, 7 জুলাই আবার শুরু হবে। টিকা গ্রহণ করেননি এমন ব্যক্তির ফেডারেল রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) [নির্দেশিকা](#) অনুযায়ী মাস্ক পরার জন্য দায়বদ্ধ থাকবেন।

"নিউ ইয়র্কবাসীরা COVID ভাইরাসের বিরুদ্ধে কঠোর পরিশ্রম করেছে এবং এর ফলে, স্টেটজুড়ে ল্যান্ডমার্ক এবং আকর্ষণীয় স্থানগুলি দর্শনার্থীদের জন্য পুনরায় খুলছে। আমরা নিউ ইয়র্কবাসী এবং অতিথিদের আমাদের সুন্দর স্টেট ক্যাপিটল এবং আশ্চর্যজনক এম্পায়ার স্টেট প্লাজায় ফিরে আসায় স্বাগত জানাতে পুলকিত," **গভর্নর কুওমো বলেন।** "ক্যাপিটল অসাধারণ ইতিহাসে পরিপূর্ণ যে কেউ প্রশংসা করতে পারে। মহামারীর সময় এর দরজা বন্ধ করা প্রয়োজন হলেও, এখন সময় এসেছে মানুষকে তার বিশাল হলগুলোতে স্বাগত জানানোর।"

**ফ্রি ক্যাপিটল ট্যুর**

- **কখন:** সোমবার থেকে শুক্রবার

- **সময়:** সকাল 10টা এবং দুপুর
- **ঠিকানা:** ক্যাপিটলের স্টেট স্ট্রিট লবিতে তথ্য ডেস্ক
- **সংরক্ষণ:** স্থান সীমিত এবং সংরক্ষণ সুপারিশ করা হয় কিন্তু 10 জনের কম গ্রুপের জন্য প্রয়োজন হয় না - [এখানে](#) অনলাইনে রিজার্ভ করুন। [10 জন বা তার চেয়ে বেশি গ্রুপের জন্য](#), ব্যবস্থা করতে 518-474-2418 নম্বরে কল করুন
- **ক্যাপিটলের টিকা গ্রহণ করেননি এমন দর্শনার্থীদের অভ্যন্তরীণ ভ্রমণের সময় মাস্ক পরতে হবে**

অলবেনির স্টেট স্ট্রিট পাহাড়ের উপরে বসে নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটল 1880 এর দশক থেকে নিউ ইয়র্কের জন্য সরকারের আসন হিসাবে কাজ করেছে। ভবনটি ঊনবিংশ শতাব্দীর শেষের দিকের স্থাপত্য জাঁকজমকের একটি বিস্ময়, যা 32 বছর ধরে শক্ত গাথুনি দিয়ে হাতে নির্মিত। 45 মিনিটের সফরের হাইলাইটগুলির মধ্যে আইনপ্রণেতা কক্ষ, গভর্নরের হল, গভর্নরের অভ্যর্থনা কক্ষ, নিউ ইয়র্ক হল, ঐতিহাসিক সিঁড়ি এবং খোদাই করা কাজ অন্তর্ভুক্ত থাকতে পারে।

### **বিনামূল্যে বহিঃস্থ এম্পায়ার স্টেট প্লাজা ভ্রমণ**

- **কখন:** বুধবার, বৃহস্পতিবার এবং শুক্রবার
- **সময়:** দুপুর 2টা
- **ঠিকানা:** এম্পায়ার স্টেট প্লাজায় দ্য এগ সেন্টার ফর দ্য পারফর্মিং আর্টসের প্রধান প্রবেশদ্বারের বাইরে।
- **সংরক্ষণ:** স্থান প্রতি ট্যুরে 25 জনের মধ্যে সীমাবদ্ধ এবং **সংরক্ষণ প্রয়োজন**  
- অনলাইনে সংরক্ষণ (রিজার্ভ) করুন [এখানে বা কল করুন](#) 518-474-2418 নম্বরে

45 মিনিটের এই ট্যুরে বিশ্বমানের, 98 একরের কমপ্লেক্সের হাইলাইট রয়েছে, যেখানে স্টেট সরকার, অনন্য স্থাপত্য এবং আধুনিক শিল্প একই স্থানে আছে। কোন দুটি ট্যুর একই নয় এবং হাইলাইটগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে দ্য এগ সেন্টার ফর দ্য পারফর্মিং আর্টস, প্লাজার প্রধান প্ল্যাটফর্ম, ক্যাপিটল, রবার্ট আব্রামস বিল্ডিং ফর ল অ্যান্ড জাস্টিস, কালচারাল এডুকেশন সেন্টার, কর্নিং টাওয়ার, লেজিসলেটিভ অফিস বিল্ডিং এবং এজেন্সি বিল্ডিং, সেইসাথে স্মারকগুলি যারা অন্যদের উৎসর্গ করেছে বা তাদের জীবন দিয়েছে তাদের সম্মান করে। যারা এই ট্যুর করছেন তারা এম্পায়ার স্টেট প্লাজা আর্ট কালেকশন সম্পর্কেও জানতে পারবেন, যা একটি জাদুঘরের বাইরে রাখা দেশের বৃহত্তম সরকারি মালিকানাধীন আধুনিক শিল্প সংগ্রহ হিসাবে পরিচিত।

### **সাধারণ পরিষেবা কার্যালয়ের (Office of General Services, OGS) কমিশনার রোঅ্যান**

**ডেসটিটো বলেন,** "নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটল এবং এম্পায়ার স্টেট প্লাজা দুর্দান্ত স্থাপত্য রত্ন এবং আমরা আবারও জনগণকে এই বিশাল, ঐতিহাসিক স্থানগুলি সম্পর্কে অন্বেষণ এবং শেখার জন্য কিছু সময় ব্যয় করার সুযোগ দিতে পেরে গর্বিত। আমাদের জ্ঞানী এবং প্রাণবন্ত ট্যুর গাইডরা নিউ

ইয়র্কের রাজধানী শহরে দর্শনার্থীদের যে চমৎকার জিনিসগুলি সরবরাহ করতে হবে তার সাথে পরিচয় করিয়ে দিতে প্রস্তুত এবং আগ্রহী।"

সপ্তাহের দিনের ভ্রমণ, বিশেষ প্রদর্শনী এবং ক্যাপিটল, এম্পায়ার স্টেট প্লাজা এবং এম্পায়ার স্টেট প্লাজা আর্ট কালেকশনের ইতিহাস সম্পর্কে আরো তথ্যের জন্য সাধারণ পরিষেবা কার্যালয়ের [ওয়েবসাইটটি](#) দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)